



ডিওএইচএসে সেনা পরিচয়ে বাসায় ঢুকে ডাকাতি, সাবেক সেনা সদস্য-চালকসহ ৪ জন গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুর ডিওএইচএস এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরিচয় দিয়ে একটি বাসায় ঢুকে ডাকাতি করে পালানোর সময় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের মধ্যে দুইজন সাবেক সেনা সদস্য রয়েছেন। ঘটনাটি নিছক ডাকাতি বলে দাবি করেছেন ভুক্তভোগী।

রোববার (২০ জুলাই) বিকেল সোয়া ৩টার দিকে রাজধানীর মিরপুর ডিওএইচএস-এর ১১ নম্বর রোডের ৮০৭ নম্বর বাসায় সন্ত্রাসী কায়দায় প্রবেশ করে একটি চক্র। নিজেদের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য পরিচয়ে তারা বাসায় প্রবেশ করে 'অস্ত্র, মাদক ও অর্থ' খোঁজার অজুহাতে তল্লাশি শুরু করে।

এই চক্রের মূল উদ্দেশ্য ছিল ডাকাতি। তারা জোরপূর্বক ঘরে ঢুকে নগদ অর্থ ও মালামাল লুটে নেয় বলে জানান বাসার মালিক হোসনে আরা চম্পা। তিনি বলেন, “তারা ভয়ভীতি দেখিয়ে ও হুমকি দিয়ে আমাদের জিম্মি করে ফেলে। এটা পুরোপুরি ডাকাতি।”

ঘটনার পর দ্রুত পুলিশের তৎপরতায় চেকপোস্টে আটকদের মধ্যে চারজন ধরা পড়ে, বাকিরা পালিয়ে যায়। গ্রেপ্তার ব্যক্তির হলেন—চালক মাসুম মুনতাসির, কথিত গোয়েন্দা সোর্স হারুন অর রশিদ, অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট আরিফ মোহাম্মদ ফিরোজ ইফতেখার এবং অবসরপ্রাপ্ত করপোরেল মুকুল হোসেন।

মিরপুর বিভাগের অতিরিক্ত উপ-কমিশনার (এডিসি) সালেহ মুহম্মদ জাকারিয়া রাতে সাংবাদিকদের জানান, “প্রাথমিকভাবে হারুন অর রশিদকে সন্দেহভাজন হিসেবে আটক করা হয়। পরে সেনাবাহিনীর সহায়তায় বাকি অভিযুক্তদেরও শনাক্ত ও গ্রেপ্তার করা হয়।”

এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে। পুলিশ জানিয়েছে, পলাতক অন্যান্য সদস্যদের গ্রেপ্তারে অভিযান চলছে।